সংবাদ

তারিখ ... 24. SEP. 2015 ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ... ৪ ...

### মেডিকেলে ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁস

# রংপুরে শিক্ষার্থীদের বিক্ষোভ সড়ক অবরোধ

## গ্রেফতার ৭ জন কারাগারে

লিয়াকত আলী বাদল, রংপুর

মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে পরীক্ষা বাতিল করে নতুন করে পরীক্ষা গ্রহণ এবং এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে র‍্যাবের হাতে গ্রেফতার ৩ ডাক্তারসহ ৭ জনের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে গতকাল বুধবার রংপুর প্রেসক্লাব চত্বরে নগরীর প্রধান সড়ক অবরোধ করে শিক্ষার্থীরা বিক্ষোভ করেছে। এ সময় বহিরাগতদের হামলায় ৫ শিক্ষার্থী আহত হয়।

এদিকে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে র‍্যাবের হাতে আটক রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের ৩ চিকিৎসক ডা. মোস্তাফিজুর রহমান ওরফে পাভেল, অর্থপেডিক্স বিভাগের সহকারী রেজিস্ট্রার ডা. জিল্লুর রহমান রনি, সার্জারি বিভাগের সহকারী রেজিস্ট্রার ডা. শরিফুল ইসলামসহ ৭ জনকে মঙ্গলবার রাতেই কোতোয়ালি থানায় হস্তান্তর করা হয়। গতকাল তাদের ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠায় পুলিশ। সেখান থেকে তাদের কারাগারে পাঠানো হয়।

শিক্ষার্থীদের অভিযোগ মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনার পর ও ফলাফল ঘোষণা করার প্রতিবাদে এবং ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে সকাল থেকে শত শত শিক্ষার্থী রংপুর প্রেসক্লাব চত্বরে অবস্থান নিয়ে বিক্ষোভ করতে থাকে। দুপুর ১২টার দিকে সড়ক : পৃষ্ঠা : ২ ক : ৩

## সড়ক : অবরোধ

(১৬ পৃষ্ঠার পর)

বিক্ষুব্ধ শিক্ষার্থীরা প্রেসক্লাবের সামনে নগরীর প্রধান সড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকে। এ সময় পুলিশ তাদের কয়েক দফা অবরোধ প্রত্যাহার করার অনুরোধ জানিয়ে বিক্ষোভকারীদের সড়ক থেকে সরিয়ে প্রেসক্লাব চত্বরে নিয়ে আসে। এ সময় শিক্ষার্থীরা সেখানেই বিক্ষোভ করতে থাকে। এ সময় বহিরাগত কয়েকজন দুর্বৃত্ত তাদের ওপর হামলা চালায়। এতে ৫ শিক্ষার্থী আহত হয়। এ ঘটনার দৃশ্য টেলিভিশনে কর্মরত ক্যামেরাপার্সনরা ছবি তুলতে গেলে তারা ছবি না তোলার জন্য ক্যামেরাম্যানদের হুমকি-ধমকি প্রদান করে। এ সময় আন্দোলনরত এক শিক্ষার্থীকে পুলিশ তাদের গাড়িতে তুলে নিয়ে যাবার সময় কয়েকজন সাংবাদিকের সঙ্গে পুলিশের বাদানুবাদ হয়। পরে শিক্ষার্থীকে পুলিশ ছেড়ে দেয়। এদিকে শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে শিক্ষার্থীরা আবারও নগরীর প্রধান সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করলে প্রায় এক ঘণ্টা ওই সড়কে যান চলাচল বন্ধ ছিল। পরে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

তবে কোতোয়ালি থানার ওসি কাদের জিলানী জানান, তারা শিক্ষার্থীদের ওপর কোন হামলা বা তাদের সঙ্গে কোন অসাদাচারণ করেনি। তবে তাদের সড়ক অবরোধ কর্মসূচি পরিহার করে ঈদের সময় কোন প্রকার জনদুর্ভোগ সৃষ্টি না করার আহ্বান জানানো হয়।

এদিকে শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে তাৎক্ষণিক প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে শিক্ষার্থীরা। সেখানে শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন মোখলেসুর রহমান, চৈতী, তাবাসসুমসহ অনেকে। তারা হামলাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য প্রশাসনের প্রতি দাবি জানায়।

এদিকে গ্রেফতারকৃত ৩ চিকিৎসকসহ ৭ জনকে ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে গতকাল বুধবার বিকেলে সাড়ে ৫টার দিকে আদালতে পাঠানো হয়। সেখান থেকে তাদের কারাগারে পাঠিয়ে দেয়া হয়। এ ব্যাপারে কোতোয়ালি থানার ওসি (তদন্ত) আব্দুল আজিজ জানান, যেহেতু গ্রেফতারকৃতদের বিরুদ্ধে এখন পর্যন্ত কোন সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া যায়নি, কেউ তাদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেনি, সে কারণে তাদের ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো হয়েছে। পরবর্তীকালে তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ আসলে মামলা দায়ের করা হবে বলে জানান তিনি।

এদিকে গ্রেফতারকৃতদের আইনজীবী রংপুর আইনজীবী সমিতির সভাপতি আব্দুল হক প্রামানিক জানান, তাদের ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হলেও মামলার ফরওয়ার্ডিং রিপোর্টে উল্লেখ করেছে পুলিশ যে আসামিদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগে মামলা দায়ের করা হচ্ছে।